# যশোর বোর্ড-২০১৭

**বিষয় : গার্হস্থ্য বিজ্ঞান দ্বিতীয় পত্র (সৃজনশীল)** **বিষয় কোড : ২ ৭ ৪**

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

**[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]**

## ক বিভাগ — শিশু বিকাশ ও পারিবারিক সম্পর্ক

**১.▶** স্বামী ও দুই সন্তান নিয়ে সুমির পরিবার। সুমি তার দুই সন্তানকে স্কুলে পড়ানোর পাশাপাশি ধর্মীয় শিক্ষাও দিচ্ছেন। তারা একসাথে প্রায়ই বেড়াতে যায়। তার স্বামী সমাজসেবার সাথে বেশ সম্পৃক্ত থাকেন। সুমি তার সন্তানদের সাথে অনেকটা সময় কাটাতে পারেন।

ক. পরিবারের সংজ্ঞা লেখো। ১

খ. 'স্থায়িত্ব পরিবারের একটি অন্যতম শর্ত'— বুঝিয়ে লেখো। ২

গ. সুমির পরিবার কী ধরনের পরিবার? এ ধরনের পরিবারের সুবিধা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে একটি আদর্শ পরিবারের সব ধরনের কার্যাবলি দেখানো হয়েছে কি? উত্তরের সপক্ষে তোমার মতামত ব্যক্ত করো। ৪

**২.▶** রিতা ও মুক্তি একই সাথে সন্তানসম্ভবা হয়। রিতার শাশুড়ি কুসংস্কারাচ্ছন্ন। তিনি রিতাকে কম পরিমাণে খেতে দেন এবং ডাক্তারের কাছে যেতে নিরুৎসাহিত করেন। রিতার সন্তান জন্মের সময় খিঁচুনি ও তীব্র মাথাব্যথা ইত্যাদি জটিলতা দেখা দেয়। অন্যদিকে মুক্তি এই সময় স্বাভাবিকের চেয়ে একটু বেশি পরিমাণে সুষম খাবার খায় এবং নিয়মিত স্বাস্থ্যপরীক্ষা করায়।

ক. নবজাতকের সংজ্ঞা দাও। ১

খ. 'শিশুর জন্য মায়ের দুধই সর্বোৎকৃষ্ট'— বুঝিয়ে লেখো। ২

Teachingbd24.com

https://teachingbd24.com

গ. রিতার জটিলতা কোন ধরনের? এটি রোধের উপায় ব্যাখ্যা করো। ৩

ঘ. রিতা ও মুক্তির গর্ভকালীন যত্নের সঠিকতা নিরূপণ করো। ৪

৩. ▶ রাকিবের বয়সের শিশুরা অনেক আগে থেকেই স্কুলে যাওয়া শুরু করেছে। ভর্তির জন্য রাকিবকে তার বাবা এ বছর স্কুলে নিয়ে গেলেন। প্রধান শিক্ষক রাকিবের কাছে নাম জিজ্ঞেস করলেন। রাকিব কোনো প্রতিক্রিয়া দেখাল না। বরং ক্রমাগত নিজের হাতের আঙুল সঞ্চালন করে যাচ্ছিল। টিফিন পিরিয়ডে অন্যান্য শিশুরা তার হাতে ধরে মাঠে খেলতে নিয়ে যেতে চাইলে সে নিজেকে গুটিয়ে রাখল। প্রধান শিক্ষক বিষয়টি লক্ষ করে বললেন যে, রাকিবের উন্নয়নে পরিবার ও সমাজের দায়িত্ব অনস্বীকার্য।

ক. প্রতিভাবান শিশু কাকে বলে? ১

খ. সব শিশু স্বাভাবিক নাও হতে পারে– বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত রাকিবের আচরণের কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. রাকিবের বিষয়ে প্রধান শিক্ষকের বক্তব্যের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৪. ▶ কৌতূহলী হয়ে স্কুল ছাত্র লিটন ও তার চার বন্ধু একটি সিরিঞ্জ দিয়ে মাদক নিল। এখন সে অসুস্থ। তার ওজন অনেক কমে গেছে। মুখে ঘা হয়েছে ও প্রতিদিনই জ্বর থাকছে। রোগ শনাক্ত হবার পর প্রতিবেশী বন্ধুরা তাকে এক ঘরে করল। শিক্ষক ঘটনা জানতে পেরে সবাইকে বুঝিয়ে বললেন, 'লিটনের প্রতি সমাজ ও পরিবারের সকলেরই দায়িত্ব ও কর্তব্য রয়েছে'।

ক. মানসিক স্বাস্থ্য কাকে বলে? ১

খ. 'বয়ঃসন্ধিকালে প্রজনন স্বাস্থ্য সম্পর্কিত জ্ঞান অত্যন্ত গুরুত্বপূর্ণ'– বুঝিয়ে লেখো। ২

গ. লিটন কী রোগে আক্রান্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. স্কুলের শিক্ষকের বক্তব্যের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

## খ বিভাগ—খাদ্য ও পুষ্টিবিজ্ঞান

৫. ▶ মনির সাহেব দুদিন যাবৎ জ্বরে ভুগছেন। তার কোনো খাবার খেতে ইচ্ছা করে না। তার স্ত্রী মুক্তা তাকে উচ্চ ক্যালরিযুক্ত খাবার খেতে দিচ্ছেন। পুষ্টিবিদ মুক্তার প্রশংসা করে বলেন, "শক্তি চাহিদা নির্ণয়ে কিছু বিষয় বিবেচনা করতে হয়।"

ক. শক্তি কাকে বলে? ১

খ. জীবনের জন্য কেন শক্তি প্রয়োজন? ২

গ. মনিরের জন্য নির্ধারিত খাদ্য মৌলিক বিপাকের কোন বিষয়কে প্রভাবিত করে– ব্যাখ্যা করো। ৩

ঘ. পুষ্টিবিদের উক্তির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৬. ▶ দশ বছর বয়সের ছেলে ফয়সাল মিষ্টি, দুধ, দই, পুডিং খেতে পছন্দ করে। তার মা রাবেয়া বেগম ডায়াবেটিস রোগে আক্রান্ত। নিচের ছকে তার পরিবারের এক দিনের মেনু দেওয়া হলো:

| সকাল | দুপুর | বিকেল | রাত |
|---|---|---|---|
| ময়দার পরোটা, সুজির হালুয়া, আম/কলা, সবজি ভাজি | ভাত, মাছের তরকারি, শাকশাক, ডাল ও সালাদ | চা/কফি, দুধের পায়েস, মুড়ি/টোস্ট বিস্কুট | ভাত, গরু/খাসীর ভুনা, মিশ্র সবজি |

ক. ডায়াবেটিস কী? ১

খ. 'সুষম খাদ্য শরীরকে সুস্থ রাখে'– বুঝিয়ে লেখো। ২

গ. ফয়সালের পছন্দের খাবার মৌলিক খাদ্যগোষ্ঠীর কোন বিভাগের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের মেনু পথ্য হিসেবে রাবেয়া বেগমের জন্য যথার্থ কি? যৌক্তিক পর্যালোচনাসহ তালিকাটি প্রয়োজনে পরিবর্তন করে দেখাও। ৪

Teachingbd24.com

৭.▶ আফজাল একজন দরিদ্র চাষী। তার বাড়ির পাশে দুটি আমগাছ আছে। বাড়ির কাছের ফাঁকা জায়গায় সে সবজির চাষ করে থাকে। সে আম দিয়ে আচার ও মোরব্বা বানায়। সবজি রোদে শুকিয়ে রাখে। এসব বিক্রি করে সে সংসার চালায়। কিছু দিন পর মোরব্বা ও আচারের উপর ফেনা দেখা যায় এবং টক টক গন্ধ বের হয়। তাই শুধু শুকনো সবজি বিক্রির টাকায় তাকে সংসার চালাতে হচ্ছে।

ক. পাস্তুরাইজেশন কী? ১

খ. খাদ্য প্রস্তুত ও পরিবেশনে পরিচ্ছন্নতা আবশ্যক— বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের খাবার কোন অনুজীবের প্রভাবে নষ্ট হয়েছে— ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ফল ও সবজি সংরক্ষণের পদ্ধতির সঠিকতা নিরূপণ করো। ৪

৮.▶ কোনো এক গ্রামের লোকজন যে পুকুর থেকে খাওয়ার পানি নিচ্ছে, সেই পুকুরেই থালা, বাটি, কাপড় ধোয়াসহ গোসল করছে। ফলে গ্রামবাসীদের মধ্যে ডায়রিয়া মহামারী হিসেবে দেখা দিয়েছে। রহিমের বন্ধু কামাল গ্রামেই মসলা ও তেলের ব্যবসা করে। কিছু ভেজাল দ্রব্য মেশানোতে সে আর্থিকভাবে লাভবান হচ্ছে। তাই গ্রামবাসীদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে রহিম এগিয়ে এসেছে।

ক. স্যানিটেশন কী? ১

খ. বর্তমানে দেশের মানুষ কেন বিষক্রিয়ায় আক্রান্ত হচ্ছে? ২

গ. কোন অনুজীবের কারণে গ্রামবাসীদের মধ্যে মহামারী দেখা দিয়েছে— ব্যাখ্যা করো। ৩

ঘ. জনস্বাস্থ্যের দৃষ্টিকোণ থেকে রহিম ও কামালের কর্মকাণ্ড মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

# গার্হস্থ্য বিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৭ | ৪ |

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ২৫ মিনিট                                                                                     পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: সৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. জন্মলগ্ন হতে কয় সপ্তাহ পর্যন্ত শিশুকে নবজাতক বলা হয়?

ক ১ খ ২
গ ৩ ঘ ৪

২. কোনটি পানিতে দ্রবণীয় ভিটামিন?

ক এ খ ই
গ সি ঘ ডি

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:

রিপনের বয়স ৭ বছর। সে শব্দের প্রতি কোনো সাড়া দেয় না। আবার তার ১৮ বছরের ভাই সোহানের আচরণ ৫ বছরের শিশুর মতো।

৩. উদ্দীপকে রিপনের সমস্যা কোন ধরনের?

ক শ্রবণগত খ ভাষাগত
গ দৃষ্টিগত ঘ স্নায়ুগত

৪. রিপন ও সোহানের শিক্ষাদান পদ্ধতি হবে—

i. ওষ্ঠ পাঠ কৌশল
ii. পরিচিত বিষয়ের উদাহরণ প্রদান
iii. এবাকাস নামক যন্ত্র ব্যবহার

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. কোন ভিটামিনের অভাবে স্কার্ভি রোগ হয়?

ক এ খ বি
গ সি ঘ ডি

৬. বার্ধক্যে যৌন বিপাক হার কমে কেন?

ক থাইরয়েড গ্রন্থির কার্যক্ষমতা বেড়ে যায়
খ বিভিন্ন গ্রন্থি ও কলার কার্যক্ষমতা কমে যায়
গ ডায়াবেটিস ও হৃদরোগ দেখা দেয়
ঘ হাড় নরম ও ভঙ্গুর হয়

৭. কোনটি পরিপাক গ্রন্থি?

ক ফুসফুস খ বৃহদন্ত্র
গ অগ্ন্যাশয় ঘ পাকস্থলি

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:

হোটেলের ম্যানেজার কামাল সাহেব বাজার থেকে চিংড়ি মাছ, রুই মাছ, খাসির মাংস ও মুরগি কিনে আনলেন। তিনি মাছ ফ্রিজে রেখে কর্মচারীদের মাংস রান্না ও পরিবেশনের পরামর্শ দিলেন।

৮. কামাল সাহেবের কেনা খাদ্য মৌলিক খাদ্য গোষ্ঠীর কোন বিভাগের অন্তর্গত?

ক রোগ প্রতিরোধকারী
খ শক্তি প্রদানকারী
গ দেহ গঠনকারী
ঘ ক্ষুধার চাহিদা পূরণকারী

৯. উক্ত প্রতিষ্ঠানে খাদ্য ব্যবস্থাপনায় উল্লেখ্য বিবেচ্য বিষয়াবলি—

i. ব্যবস্থাপক নিয়োগ
ii. খাদ্য প্রস্তুত ও পরিবেশন
iii. পুনঃসংরক্ষণ ও খাদ্য ক্রয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. খাদ্য গ্রহণের পর শক্তি পাওয়ার জন্য সঠিক ধাপ কোনটি?

ক চর্বন → বিপাক → হজম
খ পরিপাক → বিশোষণ → বিপাক
গ পরিপাক → বিপাক → বিশোষণ
ঘ হজম → বিপাক → শোষণ

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:

লিয়া ও রূপা ৪ মাসের অন্তঃসত্ত্বা। আবারও কন্যা সন্তান হবে লিয়ার, মন খুব খারাপ। রূপার জ্বর হয়েছে বলে ডাক্তারের কাছে এসেছেন।

১১. লিয়া ও রূপার গর্ভস্থ সন্তান শিশুর বৃদ্ধির কোন পর্যায়ে রয়েছে?

ক অঙ্কুরিতকাল
খ ভ্রূণকাল
গ ভ্রূণবিকাশের পর্যায়
ঘ ভ্রূণসমাপ্তিকাল

১২. লিয়া ও রূপার ক্ষেত্রে গর্ভকালীন বিকাশে পারিপার্শ্বিকতার প্রভাবের বৈসাদৃশ্য—

i. মায়ের অপুষ্টি ও মায়ের মনোভাব
ii. সংক্রামক রোগ ও মানসিক অবস্থা
iii. সংক্রামক রোগ ও মায়ের মনোভাব

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

https://teachingbd24.com

১৩. ডায়াবেটিস রোগীর জন্য কোন খাদ্য গুচ্ছটি উপযুক্ত?
ক) ভাত, মাখন, সবজি মিষ্টি, কলা
খ) রুটি, সবজি, মাছ, বাতাবী লেবু
গ) ডিম, শাক-সবজি, ভাত, চিংড়ি মাছ
ঘ) পাউরুটি, পনির, গুড়ের পায়েস, গরুর মাংস

১৪. টিনের পাত্রে ফল সংরক্ষণের জন্য কোন পদ্ধতি উপযোগী?
ক) পাস্তুরাইজেশন
খ) বটলিং
গ) স্ফুটন
ঘ) ক্যানিং

১৫. গর্ভবতী মায়ের মানসিক যত্ন কোনটি?
ক) মেনু পরিকল্পনা করা
খ) নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করা
গ) প্রয়োজনীয় টিকা দেয়া
ঘ) ভালো বই পড়া

১৬. কোন বয়সকে ঝড় ঝঞ্ঝার বয়স বলা হয়?
ক) তারুণ্য খ) বার্ধক্য
গ) প্রাক শৈশব ঘ) নবজাতক

১৭. গর্ভস্থ সন্তানকে সুস্থ রাখতে মায়ের করণীয়—
ক) সর্বদা ইতিবাচক চিন্তা করা
খ) সর্বদা কাজের মধ্যে থাকা
গ) বেশি কথা বলা
ঘ) সামাজিক অনুষ্ঠানাদি বর্জন করা

১৮. তারুণ্যের সামাজিক অভিযোজনের জন্য কী করতে হবে?
ক) নতুন সামাজিক দল গঠন
খ) দৈহিক শক্তির যথার্থ ব্যবহার
গ) পরিবার প্রতিপালনের প্রস্তুতি
ঘ) বয়স্কদের ভালোবাসা থেকে মুক্ত থাকা

**নিচের উদ্দীপকটি পড়ে এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
বাবা ৩ বছর পর বাড়ি এসে দেখলেন সোহা ও রিয়ান ওজন ও উচ্চতায় আগের চেয়ে অনেকটাই বড় হয়েছে। তারা দুজনই সুস্বাস্থ্যের অধিকারী। একই খেলনা নিয়ে দুজন মিলেমিশে খেলছে। আর বাবা যা করছে যা বলছে তাই অনুকরণের চেষ্টা করছে।

১৯. উদ্দীপকে সোহা ও রিয়ানের বিকাশের ক্ষেত্রে কোন ধরনের পরিবর্তন দেখানো হয়েছে?
ক) অনুপাতের পরিবর্তন
খ) পুরাতন অবয়ব বিলুপ্তি
গ) নতুন অবয়ব অর্জন
ঘ) আকারের পরিবর্তন

২০. উদ্দীপকে দুজন শিশুর প্রারম্ভিক বিকাশে সাদৃশ্য রয়েছে—
i. দৈহিক গঠনে ও মানসিক বিকাশে
ii. দৈহিক গঠনে ও সামাজিক বিকাশে
iii. মানসিক বিকাশ ও ভাষার বিকাশে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. শিশুর সুষ্ঠু মানসিক বিকাশের জন্য তাকে—
ক) পূর্ণ স্বাধীনতা দিতে হবে
খ) স্নেহ ভালোবাসা দিতে হবে
গ) সর্বদা নিয়ন্ত্রণে রাখতে হবে
ঘ) শাসনে রাখতে হবে

**নিচের উদ্দীপকটি পড়ে এবং ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও:**
২০১০ সালে বিয়ের পর রিতা ও রাজীব নতুন ফ্ল্যাট ভাড়া নিয়ে বসবাস শুরু করেছিল। একমাত্র সন্তান শেফার জন্মের ৫ বছর পর তাদের বিবাহ বিচ্ছেদ ঘটেছিল।

২২. রিতার পরিবার কোন ধরনের?
ক) মাতৃবাস
খ) নয়াবাস
গ) মাতৃপ্রধান
ঘ) পিতৃপ্রধান

২৩. পারিবারিক পরিবেশের প্রভাবে শেফার—
i. মানসিক বিকাশ ব্যাহত হতে পারে
ii. আত্মবিশ্বাস অর্জনে বাধা সৃষ্টি হতে পারে
iii. আচরণ ঈর্ষাপরায়ণ ও আক্রমণাত্মক হতে পারে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. কোনটির প্রভাবে কাঁচা আম পাকা আমে পরিণত হয়?
ক) এনজাইম খ) ইস্ট
গ) ব্যাকটেরিয়া ঘ) ছত্রাক

২৫. ঘিয়ে ভেজাল হিসেবে কোনটি মেশানো হয়?
ক) পেট্রোল
খ) ফরমালিন
গ) বনস্পতি
ঘ) নারকেল তেল

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | গ | ৬ | খ | ৭ | গ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ |
| ১৪ | ঘ | ১৫ | খ | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | গ | | |

Teachingbd24.com